

## তথ্যের গোপনীয়তা এবং নিরাপত্তার জন্য পিতামাতার অধিকারের সনদ

কিছু আইন ও প্রবিধান আপনাদের সন্তানদের যেসব তথ্য তাদের শনাক্ত করে সেসব তথ্যের গোপনীয়তা রক্ষা করে। এসব তথ্য, যা শিক্ষার্থী-নির্দিষ্ট তথ্য-উপাত্ত অন্তর্ভুক্ত করে, সেগুলিকে “ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্য” (পার্সনাল আইডেন্টিফিকেশন ইনফর্মেশন) অথবা “PII” বলা হয়।

যেসব ফেডারেল আইন আপনার সন্তানের PII সুরক্ষা দেয়, সেগুলোতে রয়েছে [ফ্যামিলি এডুকেশনাল রাইটস্ অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট \(FERPA\)](#), [চিলড্রেস অনলাইন প্রাইভেসি প্রটেকশন অ্যাক্ট \(COPPA\)](#), [প্রটেকশন অভ পিপল রাইটস্ অ্যামেন্ডমেন্ট \(PPRA\)](#), এবং [ইনডিভিডুয়ালস্ উইদ ডিস্যাবিলিটিজ এডুকেশন অ্যাক্ট \(IDEA\)](#)। এছাড়াও, স্টেটের আইন, যেমন [নিউ ইয়র্ক এডুকেশন ল্য 2-d](#) এবং N.Y. স্টেট কমিশনার অভ এডুকেশন-এর সংশ্লিষ্ট প্রবিধানসমূহ; এবং DOE [চ্যালেঞ্জারের প্রবিধান A-820](#) আপনার সন্তানের PII-এর গোপনীয়তার সুরক্ষা দেয়।

নিউ ইয়র্ক স্টেটের শিক্ষা আইনের অধীনে, আপনি যদি নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল ডিস্ট্রিক্টে (DOE) অধ্যয়নরত কোনো শিক্ষার্থীর পিতামাতা হন, আপনার সন্তানের PII-এর গোপনীয়তা এবং নিরাপত্তার জন্য নিচে উল্লিখিত অধিকারসমূহ আপনার রয়েছে:

- আপনার সন্তানের PII বিক্রয় করা যাবে না অথবা মার্কেটিং কিংবা অন্যান্য বাণিজ্যিক উদ্দেশ্যে প্রকাশ করা যাবে না।
- যদি আপনার সন্তানের বয়স 18 বছরের কম হয়:
  - DOE আপনার অনুরোধ পাবার এবং আপনার পরিচিতি নিশ্চিত করার পর, 45 দিনের মধ্যে আপনার সন্তানের শিক্ষায়তনিক রেকর্ডের সম্পূর্ণ বিষয়বস্তু দেখার ও পর্যালোচনা করার অধিকার আপনার আছে।
  - যদি আপনার বিশ্বাস হয় যে, আপনার সন্তানের শিক্ষাগত রেকর্ডে ভুল বা বিভ্রান্তি আছে, অথবা অন্য কোনোভাবে আপনার সন্তানের গোপনীয়তার অধিকার খর্ব করে, তাহলে তা পরিবর্তনের অনুরোধ জানানোর অধিকার আপনার আছে।
  - আপনার অধিকার DOE-এর পক্ষ হয়ে DOE কন্ট্রোলার অথবা অন্যান্য বাহ্যিক পক্ষ দ্বারা সংরক্ষিত শিক্ষাগত রেকর্ডসমূহেও বর্ধিত করে।
- আপনার সন্তানের PII-এ অনুপ্রবেশ অথবা অনুমোদন ছাড়া প্রকাশ করা হয়, তবে সেবিষয়ে অবহিত হবার অধিকার আপনার আছে।
- আপনার সন্তানের PII-এ সম্ভাব্য অনুপ্রবেশ ও অনুমোদন ব্যতীত প্রকাশ সংক্রান্ত আপনার অভিযোগ দায়ের করার এবং এই অভিযোগের ব্যবস্থা গ্রহণ পাবার অধিকার রয়েছে। আমরা আপনার অভিযোগ পাবার 60 ক্যালেন্ডার দিবসের মধ্যে আপনাকে DOE অবশ্যই একটি জবাব দেবে। যদি আরো সময় প্রয়োজন হয়, একটি জবাব দেয়ার জন্য আনুমানিক সময় সহ DOE আপনাকে একটি ব্যাখ্যা দেয়া হবে।

NY স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট (NYSED)-এ কীভাবে অভিযোগ দায়ের করা যাবে:

অনলাইনে: <http://www.nysed.gov/data-privacysecurity/report-improper-disclosure>

ইমেইলে: [CPO@mail.nysed.gov](mailto:CPO@mail.nysed.gov)



**Department of  
Education**

Chancellor David C. Banks

ডাকযোগে:

Chief Privacy Officer  
New York State Education Department  
89 Washington Avenue, Albany NY 12234

ফোনে: 518-474- 0937

DOE-তে কীভাবে অভিযোগ দায়ের করা যাবে:

ইমেইলে: [studentprivacy@schools.nyc.gov](mailto:studentprivacy@schools.nyc.gov)

ডাকযোগে:

Chief Privacy Officer,  
Office of the General Counsel Room 308  
New York City Department of Education  
52 Chambers St, New York, NY 10007

এসব ফেডারেল ও স্টেট আইন এবং প্রবিধানসমূহ আপনার সন্তানের PII গোপন ও সুরক্ষিত রাখতে DOE এবং নির্দিষ্ট বাহ্যিক পক্ষসমূহের উপর শর্তারোপ করে। উদাহরণস্বরূপ, DOE এবং নির্দিষ্ট বাহ্যিক পক্ষসমূহকে অবশ্যই নিম্নলিখিতগুলো মেনে চলতে হবে:

- স্টেট এবং ফেডারেল আইন অনুযায়ী আপনার সন্তানের PII সংগৃহীত হবে এবং শুধুমাত্র শিক্ষায়তনিক উদ্দেশ্যে অর্জনে প্রয়োজন অনুযায়ী প্রকাশ করা হবে।
- সংরক্ষণ অথবা স্থানান্তরের সময় আপনার সন্তানের PII অবশ্যই সুরক্ষিত স্থানে রাখতে হবে। এই সুরক্ষা অবশ্যই ইন্ডাস্ট্রি মান এবং উত্তম পস্থা অনুযায়ী হতে হবে। এইসব সুরক্ষার উদাহরণের অন্তর্ভুক্ত এনক্রিপশন, ফায়ারওয়াল এবং পাসওয়ার্ডযুক্ত সুরক্ষা।
- PII সংগ্রহ, প্রক্রিয়াকরণ এবং স্থানান্তর ন্যূনতম করতে অবশ্যই পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- যেসব DOE স্টাফ সদস্য এবং বাহ্যিক পক্ষ যারা আপনার সন্তানের PII পরিচালনা করছেন, তাদের অবশ্যই প্রয়োজ্য আইন, নিয়ম-নীতি, এবং ইন্ডাস্ট্রি মান ও উত্তম পস্থা অনুযায়ী সুরক্ষা দেয়ার জন্য প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে।
- বাহ্যিক পক্ষসমূহ, যারা DOE থেকে আপনার সন্তানের PII গ্রহণ করেছে তাদের সাথে সাথে লিখিত চুক্তিতে অবশ্যই আপনার সন্তানের PII-এর গোপনীয়তা ও সুরক্ষার সাথে সংশ্লিষ্ট আইনী শর্তাবলীর অনুবর্তীতা উল্লেখ থাকতে হবে।
- যে শিক্ষাগত উদ্দেশ্যে DOE বাহ্যিক পক্ষের কাছে আপনার সন্তানের PII প্রকাশ করেছে, যখন সেটার আর প্রয়োজন নেই তখন বাহ্যিক পক্ষ সেই তথ্যের কপি সংরক্ষণ করতে পারবে না। চুক্তি শেষ হয়ে যাবার পর PII স্থায়ীভাবে এবং সুরক্ষিতভাবে মুছে ফেলতে হবে।

আপনি সকল ধরনের শিক্ষার্থীর উপাত্ত বা ড্যাটার একটি পূর্ণ তালিকা খুঁজে পাবেন যা নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট সংগ্রহ করে। এছাড়াও আপনি এই তালিকার একটি কপি, Office of Information & Reporting Services, New York State Education Department, Room 863 EBA, 89 Washington Avenue, Albany, NY 12234-এ লিখিতভাবে অনুরোধ করেও পেতে পারেন।